

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যোগাযোগ মন্ত্রণালয়
সড়ক বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ইউনিট

নং- ৩৫.০০.০০০০.০৩৯.০০৭.০১৭.১৩-১৩১

তারিখ : ০৯ ডিসেম্বর ২০১৩
২৫ অগ্রহায়ণ ১৪২০

বিষয় : ই-জিপির মাধ্যমে দরপত্র আহ্বান প্রসংগে।


সূত্র : ১) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর স্মারক নং- ৫৮৩ প্রঃ প্রঃ, তারিখ:-২৮/১১/১৩ খ্রিস্টাব্দ।
২) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর এর স্মারক নং- ৫৮৪ প্রঃ প্রঃ, তারিখ:-২৮/১১/১৩ খ্রিস্টাব্দ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকদ্বয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাংকের Public Procurement Reform Project-IIAF প্রকল্পের কার্যক্রমের আওতায় সড়ক ও জনপথ অধিদপ্তর কর্তৃক ১৩ জুলাই, ২০১৩ থেকে ১৩ ডিসেম্বর, ২০১৩ পর্যন্ত মেয়াদে ৪০০টি দরপত্র ই-জিপিতে প্রক্রিয়া করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছিল। কিন্তু তদপ্রেক্ষিতে লক্ষ্যমাত্রা অর্জন হতাশাব্যঞ্জক। World Bank Mission হতাশাজনক পারফরমেন্সের জন্য অসন্তোষ প্রকাশ করেছে।

০২। এ প্রেক্ষাপটে প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর সূত্রোক্ত স্মারকদ্বয়ের মাধ্যমে “রক্ষণাবেক্ষণ ও উন্নয়ন” খাতের বরাদ্দের ৫০% দরপত্র এবং প্রতিটি দপ্তরের কমপক্ষে ১০টি করে দরপত্র ই-জিপির মাধ্যমে আহ্বান করার জন্য ইতোপূর্বে নির্দেশনা প্রদান করেন। কিন্তু বিভিন্ন উপাত্ত থেকে দেখা যাচ্ছে যে, এ নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করা হচ্ছে না এবং সে জন্য নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জিত হবে কিনা সে বিষয়ে সংশয় দেখা দিয়েছে।

০৩। এমতাবস্থায়, প্রধান প্রকৌশলীর প্রদত্ত নির্দেশনা অনুযায়ী আগামী ১৩ ডিসেম্বর ২০১৩ এর মধ্যে সড়ক ও জনপথ অধিদপ্তরের দরপত্র ই-জিপির মাধ্যমে প্রক্রিয়াকরণের লক্ষ্যমাত্রা পূরণের জন্য বলা হল।

০৪। প্রধান প্রকৌশলীর সূত্রোক্ত নির্দেশনাদ্বয় অমান্য করে যে সকল কর্মকর্তা দরপত্র প্রক্রিয়াকরণ ও অনুমোদন করবেন তাঁদের বিরুদ্ধেও কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।


(আলম আরা বেগম)
যুগ্মসচিব (আইসিটি)
ফোনঃ ৯৫৮৪১২৭

অতিরিক্ত প্রধান প্রকৌশলী

ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/সিলেট/গোপালগঞ্জ/রাজশাহী/বরিশাল/খুলনা/রংপুর সড়ক জোন

অনুলিপিঃ-

- ১। সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর।
- ৩। যুগ্ম-সচিব (উন্নয়ন), সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয়।